

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, বেনাপোল
যশোর।


নথি নং-৫ম/২০(০৬)এলসি-নিলাম/বেনা/২০১৯/

৬২৪৫

তারিখ ৩০/০৪/২০১৯ খ্রি.

“মোটরসাইকেল E-Auction বিজ্ঞপ্তি”

- ১। কাস্টম হাউস, বেনাপোল এর কাস্টমস গুদামে (বিজিবি সাইড) সংরক্ষিত নিলামযোগ্য পুরাতন ও ব্যবহৃত মোটরসাইকেল (যেখানে যে অবস্থায় আছে) সাধারণ নিলাম সেল নং-০৫/২০১৯ এর বিপরীতে E-Auction এর মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত ওয়েবসাইট (www.bangladeshcustoms.gov.bd) এ উল্লিখিত E-Auction Software এ রেজিস্ট্রেশন করে অনলাইন নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলাম অনুষ্ঠানের পূর্বে পণ্যের ক্যাটালগ বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে এবং কাস্টম হাউস, বেনাপোল এর নিলাম শাখা হতে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। নিলাম সংক্রান্ত আরও বিস্তারিত তথ্যের জন্য কাস্টম হাউস, বেনাপোল এর ওয়েব সাইট (www.bch.gov.bd), ফেসবুক পেজ (Custom House, Benapole, Bangladesh) এবং নিলাম শাখার হট লাইনে (০১৩১৬-১৮৫৮৭৯) যোগাযোগ করতে পারবেন।
- ২। দরদাতা প্রতিষ্ঠানের অবশ্যই হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন এবং টিআইএন সনদপত্র থাকতে হবে। তবে ব্যক্তি শ্রেণীর দরদাতার ক্ষেত্রে হালনাগাদ টিআইএন সনদপত্র থাকতে হবে।
- ৩। দরদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করে মূল কপিসহ অনুচ্ছেদ-২ এ বর্ণিত দলিলাদির সত্যায়িত কপি ২০/০৫/২০১৯ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে রাজস্ব কর্মকর্তা, নিলাম শাখা, কাস্টম হাউস, বেনাপোল এ প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৪। ক্যাটালগভুক্ত ২২ টি মোটরসাইকেল আগামী ০৭/০৫/২০১৯ হতে ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ০৩:০০ ঘটিকা পর্যন্ত কাস্টমস গুদাম (বিজিবি সাইড), বেনাপোলে প্রদর্শন করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ১৪/০৫/২০১৯ খ্রি. তারিখ হতে ১৬/০৫/২০১৯ খ্রি. তারিখ বেলা ০৩:০০ ঘটিকা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd ওয়েব সাইট এর E-Auction Software এ দরপত্র দাখিল করতে পারবেন। দরপত্র দাখিলের সময় শেষ হওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত দরমূল্য ও নিলাম ক্রেতাগণ কর্তৃক দাখিলকৃত অন্যান্য দলিলাদি যাচাই-বাছাই করে বর্ণিত ওয়েব সাইট এ উক্ত নিলাম এর ফলাফল প্রকাশ করা হবে। উল্লেখ্য, প্রাপ্ত যে কোন বা সকল দরপত্র কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে বাতিলকরণ কিংবা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


৩০/০৪/২০১৯

(শেখ মোঃ মাসুদুর রহমান)

সহকারী কমিশনার

কমিশনার অব কাস্টমস এর পক্ষে

